# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৪১০

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا أَخَذَ مَضْجَعَهُ مِنَ اللَّيْلِ قَالَ: «الْحَمْدُ لِلَّهِ الَّذِي كَفَانِي وَآوَانِي وَأَطْعَمَنِي وَسَقَانِي وَالَّذِي مَنَّ عَلَيَّ فَأَفْضَلَ وَالَّذِي أَعْطَانِي فَأَجْزَلَ الْحَمْدُ لِلَّهِ عَلَى كُلِّ حَالٍ اللَّهُمَّ رَبَّ كُلِّ شَيْءٍ وَمَلِيكَهُ وَإِلَهَ كُلِّ شَيْءٍ أَعُوذُ بِكَ مِنَ النَّارِ» . رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

২৪১০-[৩০] ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে ঘুমানোর সময় বলতেন,

’’আলহাম্‌দু লিল্লা-হিল্লাযী কাফা-নী, ওয়াআ-ওয়া-নী, ওয়া আত্ব’আমানী, ওয়া সাকা-নী, ওয়াল্লাযী মান্না ’আলাইয়্যা ফাআফযালা ওয়াল্লাযী আ’ত্বা-নী ফাআজ্‌যালা, আলহাম্‌দুলিল্লা-হি ’আলা- কুল্লি হা-ল, আল্ল-হুম্মা রব্বা কুল্লি শাইয়িন ওয়া মালীকাহূ, ওয়া ইলা-হা কুল্লি শাইয়িন আ’ঊযুবিকা মিনান্‌না-র’’

(অর্থাৎ- সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি আমার প্রয়োজন পূরণ করলেন, আমাকে রাতে আশ্রয় দিলেন, আমাকে খাওয়ালেন, আমাকে পান করালেন, যিনি আমার প্রতি দয়াপ্রদর্শন করলেন, অনেক অনুগ্রহ করলেন, যিনি আমাকে দান করলেন এবং যথেষ্ট দান করলেন। তাই সকল অবস্থায় আল্লাহর শুকর। হে আল্লাহ! যিনি প্রতিটি বস্তুর প্রতিপালক ও এর অধিকারী এবং প্রত্যেক বস্তুর উপাস্য। আমি তোমার কাছে জাহান্নামের আগুন হতে আশ্রয় চাই। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] সানাদ সহীহ : আবূ দাঊদ ৫০৫৮, আহমাদ ৫৯৮৩, আদ্ দা‘ওয়াতুল কাবীর ৩৯৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ كَفَانِىْ) অর্থাৎ- মহান আল্লাহ আমার প্রতি সৃষ্টিজীবের অনিষ্টতা প্রতিহত করেন। আর আমার প্রতি তিনি শক্তিদানে যথেষ্ট এবং তিনি আমার প্রয়োজন পূর্ণ করেন। আর সৃষ্টিজীবের প্রতি মুখাপেক্ষী হওয়া থেকে মুক্ত করেন।

(وَاٰوَانِىْ) অর্থাৎ- তিনি আমাকে হতদরিদ্র থেকে আশ্রয় দিলেন, তিনি আমাকে আশ্রয় দিয়েছেন ঠাণ্ডা ও গরম হতে বাঁচিয়ে এবং তাতে আরাম-আয়েশের ব্যবস্থা করেছেন।

(اَلْحَمْدُ لِلّٰهِ عَلٰى كُلِّ حَالٍ) অর্থাৎ- সকল অবস্থাতেই সমস্ত প্রশংসা আল্লাহর জন্যই।

ইবনুস্ সুন্নাহর অপর বর্ণনায় রয়েছে, (اللهم فلك الحمد على كل حال) অর্থাৎ- হে আল্লাহ তা‘আলা! প্রতিটি অবস্থাতেই আপনার জন্যই প্রশংসা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56970

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন